



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়
ময়মনসিংহ



বঙ্গবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন

নম্বর: ৪৭.৬১.৬১০০.০০০.৪২.০০১.২৩.৫৩১

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ মে ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

- সমিতির নাম : জনকল্যাণ ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি:
- সমিতির নিবন্ধন নং ও তারিখ : ১৪৯, ০৩/০৩/২০২১
- নিবন্ধিত সমিতির ঠিকানা : আশকা, মিরকা, ভালুকা

নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে উক্ত সমবায় সমিতির কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশ প্রদান করা হলো:

- সমবায় বর্ষ সমাপ্তির তারিখ হতে পরবর্তী ৩০ দিনের মধ্যে নির্ধারিত ফরমে সমিতির নগদ প্রবাহ বিবরণী, লাভ-ক্ষতির হিসাব, লাভ-ক্ষতির বন্টন হিসাব, রেওয়ামিল, উদ্বৃত্তপত্র এবং শেয়ার আমানত, সঞ্চয় আমানত ও ঋণের বিস্তারিত তালিকা জেলা সমবায় কর্মকর্তা বরাবর দাখিল করতে হবে।
- সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর সংশ্লিষ্ট ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর সংশ্লিষ্ট বিধি মোতাবেক শেয়ার ও সঞ্চয় আদায় করতে হবে।
- সদস্য ভর্তি ও বাতিলের ক্ষেত্রে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর সংশ্লিষ্ট ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর সংশ্লিষ্ট বিধি অনুসরণ করার জন্য বলা হলো।
- সমবায় সমিতি আইন ও বিধি অনুযায়ী আমানত সুরক্ষা তহবিল গঠন করতে হবে।
- সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ৪৩ ধারার বিধান মতে সমিতির হিসাবপত্র নিরীক্ষা করাতে হবে।
- সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ১৩ বিধি মোতাবেক অডিট সম্পাদনের ৬০ দিনের মধ্যে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান করতে হবে।
- সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ৪২(২) বিধি মোতাবেক প্রতিমাসে অন্তত একবার ব্যবস্থাপনা কমিটির মাসিক সভা অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।
- সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ২৪ ধারা মোতাবেক সমিতির হালনাগাদ রেজিস্টার সংরক্ষণ করতে হবে।
- সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৪৭ ধারা মোতাবেক যথাসময়ে অডিট সংশোধনী দাখিল করতে হবে।
- সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ৬৭ বিধি মোতাবেক সমিতিতে লিকুইড কভার সংরক্ষণ করতে হবে।
- আগামী দুই মাসের মধ্যে সমিতির নামে ব্যাংক হিসাব খোলে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে।
- অফিস ঘর, সমিতির সাইনবোর্ড এবং অফিস ভাড়ার ক্ষেত্রে অবশ্যই ভাড়ার চুক্তিনামা সংরক্ষণে রাখতে হবে।
- ব্যবস্থাপনা কমিটি মেয়াদ উত্তীর্ণ হলে অতি সত্ত্বর অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের প্রস্তাব দাখিল করতে হবে।

14. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এবং সমিতির নিবন্ধিত উপআইন মোতাবেক সকল বিধান পুঙ্খানুপুঙ্খরূপে মেনে চলতে হবে।
উপরোক্ত নির্দেশনা অমান্য করে সমিতির আর্থিক কর্মকান্ড পরিচালনা করলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে সমিতির নিবন্ধন বাতিল করা হবে।

APRabin

০৭-০৫-২০২৩

মোহাম্মদ রবিন ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা

নম্বর: ৪৭.৬১.৬১০০.০০০.৪২.০০১.২৩.৫৩১/১ (২)

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ মে ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি/সম্পাদক, জনকল্যাণ ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি., আশকা, মিরকা, ভালুকা, ময়মনসিংহ। এবং
- ২। উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, উপজেলা সমবায় অফিস, ভালুকা, ময়মনসিংহ।



APRabin

০৭-০৫-২০২৩

মোহাম্মদ রবিন ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা